

“ শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
আলফাডাঙ্গা, ফরিদপুর।




মহিলা প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলাদের অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে দক্ষতা উন্নয়নের নিমিত্ত মহিলা প্রশিক্ষণ কর্মসূচির আওতায় “ উপজেলা পর্যায়ে মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ” সম্পূর্ণ বিনামূল্যে নিম্নবর্ণিত ট্রেড কোর্সে ভর্তির জন্য আগ্রহী মহিলাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণের বিষয়	আসন সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষণের মেয়াদ
১। হ্যান্ড এ্যামব্রয়ডারী ও দর্জিবিজ্ঞান	৩০টি	নূন্যতম ৮ম শ্রেণী পাস	অক্টোবর/২০২৩ - হতে ডিসেম্বর/২০২৩

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপঃ

- ০১। প্রার্থীর বয়স ভোটার আইডি/জন্মসনদ অনুসারে ১৬ বৎসর হতে ৪৫ বৎসরের মধ্যে হতে হবে।
- ০২। প্রার্থী নির্বাচনকালীন সময়ে দুঃস্থ অসহায়/ভূমিহীন/আবাসন প্রকল্প/বিধবা বা স্বামী পরিত্যক্তা মহিলাদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ০৩। অন্য কোন প্রতিষ্ঠানে প্রশিক্ষণরত আছেন এমন কোন মহিলাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৪। স্বামী চাকুরীরত এবং গর্ভবতী মহিলাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৫। প্রশিক্ষণচলাকালীন সময়ে কোন প্রশিক্ষণার্থী ছোট ছেলে মেয়ে সঙ্গে আনতে পারবে না। প্রশিক্ষণ কেন্দ্রের প্রচলিত নিয়ম- কানুন মেনে না চললে প্রয়োজনে প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ কেন্দ্র হতে বহিষ্কার করা হবে।
- ০৬। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনপত্রের সাথে ইউপি চেয়ারম্যান প্রদত্ত নাগরিক সনদ পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদ ও ০২ (দুই)কপি সত্যায়িত ছবি এবং ভোটার আইডি / জন্ম সনদ সংযুক্ত করতে হবে।
- ০৭। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং দাখিলকৃত কাগজপত্র ফেরত দেওয়া হবে না। যে কোন একটি ট্রেডের জন্য আবেদন করতে হবে। পূর্বে যারা প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৮। আবেদন জমা দেওয়ার শেষ সময় ৩১/০৮/২০২৩ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত।


(রফিকুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
আলফাডাঙ্গা, ফরিদপুর।

নং-৩২.০২.২৯০৩.০০১.০১.১৬.০০১.২২- ২৬৬

অনুলিপি(জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ-

- ০২। উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ফরিদপুর।
- ০৩। নোটিশ বোর্ড (সকল)।
- ০৪। অফিস কপি।

তারিখঃ ২৪/৮/২০২৩